# গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স

MCQ

1. (d) সম্প্রতি গুজরাটের গান্ধীনগরে জি-২০ সদস্যভুক্ত দেশগুলির অর্থমন্ত্রী এবং কেন্দ্রীয় ব্যাঙ্কের গভর্নরদের নিয়ে মিটিং অনুষ্ঠিত হয়ে গেল। এই মিটিংয়ে যুগ্মভাবে চেয়ারম্যানের দায়িত্ব পালন করেছিলেন নির্মলা সীতারামন এবং শক্তিকান্ত দাস।

2. (c) সম্প্রতি আরবিআই উত্তরপ্রদেশের ইউনাইটেড ইন্ডিয়া কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডের লাইসেন্স বাতিল করেছে। ব্যাঙ্কের যথার্থ মূলধন না থাকার কারণে এই লাইসেন্স বাতিল করা হয়েছে। অ্যাচিভার্স

3. (d) ২০ জুলাই সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল চেস ডে পালিত হয়ে গেল। ২০২০ সালে প্রথম এই দিবসটি পালন করা শুরু হয়েছিল।

4. (c) সম্প্রতি সতপাল ভানু, এলআইসি'র ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সিদ্ধার্থ মোহান্তি'র স্থলাভিষিক্ত হয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য, বর্তমানে এলআইসি'তে চারজন ম্যানেজিং ডিরেক্টর রয়েছেন।

5. (b) সম্প্রতি হাঙ্গেরি'র বুদাপেস্টে অনুষ্ঠিত ভি গি এইচ মেমোরিয়াল সুপার দাবা প্রতিযোগিতায় ভারতের দাবাড়ু আর প্রজ্ঞানন্দ চ্যাম্পিয়ন হলেন। অ্যাচিভার্স

6. (c) কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক 'অটল বিমিত ব্যক্তি কল্যাণ যোজনা'র মেয়াদকাল ৩০ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করেছে। এই যোজনার আওতায় কোন অসংগঠিত ক্ষেত্রের শ্রমজীবী মানুষ কাজ থেকে ছাঁটাই কিংবা সংস্থা বন্ধ হয়ে যাওয়ার কারণে সংশ্লিষ্ট কর্মীকে ইএসআইসি'র তরফ থেকে মাসিক আর্থিক সহায়তা করা হয়ে থাকে।

7. (b) সম্প্রতি ইন্ডিয়ান ব্যাঙ্ক গ্রাহকদের বিভিন্ন স্কিমে বিনিয়োগ করার আগ্রহ সৃষ্টি করতে 'Resources Acquisition Centre' ডিপোজিট প্লাটফর্ম চালু করেছে।

8. (b) সম্প্রতি এ মাধবরাও ভারত ডায়নামিক্স লিমিটেডের সিএমডি হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী তথা অস্থায়ী সিএমডি পি রাধাকৃষ্ণের স্থলাভিষিক্ত হলেন।

9. (a) ২২ জুলাই সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ব্রেইন ডে পালিত হয়ে গেল, যার এবছরের থিম হল— 'Brain Health and Disability: Leave No One Behind'. অ্যাচিভার্স

10. (c) সম্প্রতি তেলেঙ্গানা রাজ্য সরকার, ওয়ার্ল্ড ইকনমিক ফোরামে'র যৌথ সহযোগিতায় 'Saagu Baagu' প্রোজেক্ট চালু করেছে। এই প্রোজেক্টের প্রধান উদ্দেশ্য হল কৃষকদের এআই নির্ভর প্রযুক্তির ব্যবহার কৃষি প্রশিক্ষণে সহায়তা করা।

11. (c) সম্প্রতি তামিলনাড়ু রাজ্যের থুতুকুড়ি জেলার আথুর পান পাতা জিআই ট্যাগ লাভ করেছে।

12. (b) সম্প্রতি অনুষ্ঠিত ২০২৩ সালের কাতার এয়ারওয়েজ হাঙ্গেরিয়ান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন।

13. (c) সম্প্রতি প্রকাশিত 'As The Wheel turns' নামক গ্রন্থের রচয়িতা হলেন রায়লা কর্পোরেশনের মানেজিং ডিরেক্টর রঞ্জিত প্রতাপ। অ্যাচিভার্স

14. (a) ২৩ জুলাই সারা দেশ জুড়ে পালিত হল ন্যাশনাল ব্রডকাস্টিং ডে। ইন্ডিয়ান ব্রডকাস্টিং কোম্পানি'র প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে এই দিবসটি পালন করা হয়ে থাকে।

15. (d) ২৪ জুলাই সারা দেশজুড়ে আয়কর দিবস বা ইনকাম ট্যাক্স ডে পালিত হল। ভারতীয় নাগরিকদের কর প্রদান সংক্রান্ত বিষয়ে সচেতন করতে এই দিবসটি পালন করা হয়ে থাকে।

16. (b) সম্প্রতি বিশিষ্ট শিল্পপতি রতন টাটা ২০২৩ সালের মহারাষ্ট্র ইন্ডাষ্ট্রি অ্যাওয়ার্ডসের 'উদ্যোগ রত্ন অ্যাওয়ার্ডে' ভূষিত হয়েছেন। এদিন উদ্যোগ মিত্র অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন আদার পুনাওয়ালা এবং উদ্যোগিনী অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন গৌরি কির্লোস্কার। অ্যাচিভার্স

17. (b) সম্প্রতি ভারতের প্রাক্তন ক্রিকেটার রাহুল দ্রাবিড় বিপিসিএলে'র বিপণনদূত হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার সুবাদে সংস্থা কর্তৃক গৃহীত 'Pure for Sure' নামক প্রচারাভিযান কর্মসূচীর বিপণনে সহায়তা করবেন।

18. (d) সম্প্রতি ইউআইডিএআইয়ে'র আংশিক সময়ের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন নীলকান্ত মিশ্র। তিনি এই পদে পূর্বর্তী পদাধিকারী জে সত্যনারায়ণে'র স্থলাভিষিক্ত হলেন।

19. (d) ২৪ আগস্ট সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ওয়ার্ল্ড ওয়াটার উইকের এবছরের থিম হল- 'Seeds of Change : Innovation Solutions for a water-Wise World.'

20. (c) কো-ক্রিয়েট ডিজিটাল বিজনেস প্লাটফর্ম গড়ে তোলার জন্য আইবিএম ইন্ডিয়া, ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র সঙ্গে যৌথ চুক্তি স্বাক্ষর করেছে। অ্যাচিভার্স

21. (b) সম্প্রতি রীতেশ চৌহান ন্যাশনাল এগ্রিকালচারাল কো-অপারেটিভ মার্কেটিং ফেডারেশন অফ ইন্ডিয়া লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হয়েছেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে প্রধামন্ত্রী ফসল বিমা যোজনার যুগ্ম সচিব ছিলেন।

22. (d) সম্প্রতি তামপেরেতে অনুষ্ঠিত ২০২৩ সালের তামপেরে ওপেন টেনিস প্রতিযোগিতায় পুরুষদের সিঙ্গলসে ভারতের সুমিত নাগাল, চেক প্রজাতন্ত্রের দালিবোর স্বারশিনাকে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন।

23. (c) সম্প্রতি প্রয়াত চেক প্রজাতন্ত্রের বিশিষ্ট লেখকের নাম হল মিলান কুন্দেরা। তাঁর লেখা 'The Unbearable Lightness of Being'নামক গ্রন্থের জন্য তিনি বিখ্যাত হয়ে আছেন।

24. (d) সম্প্রতি কর্ণাটকের বেঙ্গালুরু, ভারতের প্রথম শহর হিসাবে ওয়ার্ল্ড সিটিজ কালচার ফোরামের অন্তর্ভুক্ত হয়েছে।

25. (b) মাহিন্দ্রা অ্যান্ড মাহিন্দ্রা লিমিটেড সম্প্রতি মহারাষ্ট্রের আরবিএল ব্যাঙ্কের ৩.৫৩ শতাংশ শেয়ার ৪১৭ কোটি টাকার বিনিময়ে অধিগ্রহণ করতে চলেছে। অ্যাচিভার্স

26. (a) সম্প্রতি মহারাষ্ট্রের আদিত্য এস সামন্ত ভারতের ৮৩তম গ্র্যান্ড মাস্টার খেতাব জয়লাভ করলেন। সম্প্রতি সুইজারল্যান্ডে অনুষ্ঠিত ২০২৩ সালের বিয়েল চেস ফেস্টিভ্যাল মাস্টার টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হওয়ার সুবাদে এই খেতাব জয়লাভ করলেন।

27. (a) সম্প্রতি নতুন দিল্লিতে ইন্টারন্যাশনাল এগজিবিশন কাম কনভেনশন সেন্টার– 'ভারত মান্দাপাম' গড়ে উঠল।

28. (d) সম্প্রতি ব্রিটিশ যুক্তরাজ্যের জেমস ফার্গুসন স্কিয়া, ইন্টার-গভর্নমেন্টাল প্যানেল অন ক্লাইমেট চেঞ্জ (IPCC)-এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন। অ্যাচিভার্স

29. (a) ২৮ জুলাই সারা দেশজুড়ে পালিত হওয়া 'ওয়ার্ল্ড হেপাটাইটিস ডে'র এবছরের থিম হল- 'One Life, One Liver'

30. (a) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সম্প্রতি ওড়িশার ভুবনেশ্বরে 'প্রজাপিতা ব্রহ্মকুমারি ঐশ্বরীয়া বিশ্ববিদ্যালয়ে 'ডিভাইন লাইট হাউসে'র শিলান্যাস করলেন।

31. (d) সম্প্রতি দক্ষিণ কোরিয়ার নোঙহুইপ ব্যাঙ্ক বিদেশি ব্যাঙ্ক হিসাবে আরবিআই-এর সিডিউলড ব্যাঙ্কের তালিকায় অন্তর্ভুক্ত হল। আরবিআই অ্যাক্ট-১৯৩৪ এর দ্বিতীয় সিডিউলড অনুযায়ী এই অন্তর্ভুক্তি সম্পূর্ণ হয়েছে।

32. (a) সম্প্রতি বিশিষ্ট সাংবাদিক ও 'এশিয়ান নিউজ ইন্টারন্যাশনালে'র চেয়ারম্যান প্রেম প্রকাশ, গ্লোবাল এডুকেশন মেন্টর (GEM) লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডে ভূষিত হলেন। তিনি সম্প্রতি ২০২৩-২৪ সালে জেম অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন। অ্যাচিভার্স

33. (d) সম্প্রতি 'ফিউচার জেনারেলি ইন্ডিয়া লাইফ ইন্সিয়োরেন্স' নামক বিমা সংস্থা সারা দেশজুড়ে বিভিন্ন পলিসির বিপণনের জন্য জেএম ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেডের সঙ্গে যৌথ চুক্তি স্বাক্ষর করেছে।

34. (a) ২৯ জুলাই সারা বিশ্বজুড়ে 'ইন্টারন্যাশনাল টাইগার ডে' পালিত হল। ২০১০ সালে প্রথম এই দিবসটি পালন করা শুরু হয়েছিল। অ্যাচিভার্স

35. (d) ২০২২-২৩ অর্থবর্ষে ম্যাঙ্গালুরু রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যালস লিমিটেড ভারতের বৃহত্তম পিএসইউ রিফাইনারি হিসাবে স্বীকৃতি পেয়েছে। ২০২২-২৩ সালে সংস্থাটি ১৭.১৪ মিলিয়ন টন অপরিশোধিত তৈল উৎপাদন করেছে।

36. (c) সম্প্রতি ফিনো পেমেন্টস ব্যাঙ্ক, আরবিআইয়ের কাছ থেকে স্মল ফিনান্স ব্যাঙ্কের লাইসেন্স পেতে চলেছে।

37. (a) সম্প্রতি ২০২৩ সালের দাইহাৎসু জাপান ওপেন ব্যাডমিন্টন প্রতিযোগিতায় পুরুষদের সিঙ্গলসে ভিক্টর অ্যাক্সেলসেন চ্যাম্পিয়ন হলেন। অ্যাচিভার্স

38. (b) সম্প্রতি বেলজিয়ামে অনুষ্ঠিত ২০২৩ সালের এমএসসি ক্রুজি বেলজিয়ান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন নেদারল্যাণ্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন।

39. (c) সম্প্রতি ৭৪তম বন মহোৎসব উপলক্ষ্যে ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন মোবাইল অ্যাপ্লিকেশন ভিত্তিক এলিফ্যান্ট মুভমেন্ট ট্র্যাকিং সিস্টেম চালু করেছে। অ্যাচিভার্স

40. (d) সম্প্রতি পূর্ব ইউরোপিয়ান দেশ মলডোভা কৃষি ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক বৃদ্ধির উদ্দেশ্যে ভারতের সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে।

41. (d) সম্প্রতি কর্ণাটক ব্যাঙ্ক বেঙ্গালুরুতে ফিনটেক গ্রোথ প্রোগ্রাম- 'KBL-FinOne' আয়োজন করল।

42. (c) সম্প্রতি ব্রিকস সদস্যভুক্ত নিউ ডেভেলপমেন্ট ব্যাঙ্কের বোর্ড অফ ডিরেক্টরস এবং কনস্টিটিউয়েন্সি ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন থুরাইয়া হামিদ আলহাসমি। তিনি প্রথম আরবিয়ান মহিলা হিসাবে এই পদে নিযুক্ত হলেন। অ্যাচিভার্স

43. (c) সম্প্রতি প্রয়াত ভি পুরুষোত্তম একজন বর্ষীয়ান কংগ্রেস নেতা ছিলেন। তিনি ত্রিপুরার রাজ্যপাল হিসাবে দীর্ঘদিন কর্মরত ছিলেন।

44. (a) সম্প্রতি প্রকাশিত 'Kargil : Ek Yatri ki Jubani' নামক গ্রন্থের রচয়িতা হলেন ঋষি রাজ। তিনি এযাবৎ ২১টিরও বেশি গ্রন্থ রচনা করেছেন। তিনি কেন্দ্রীয় পর্যটন মন্ত্রকের কাছ থেকে সংকৃত্যায়ণ অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন।

45. (c) সুপ্রিম কোর্ট সিনিয়র অ্যাডভোকেট অভিধা লাভের জন্য ন্যূনতম বয়সসীমা ৪৫ বছর নির্ধারণ করেছে, এবং এর পাশাপাশি সুপ্রিম কোর্টে নূন্যতম ১০ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। অ্যাচিভার্স

46. (a) সম্প্রতি ফিনটেক কোম্পানি CRED, এনপিআই-এর সহায়তায় রুপে ক্রেডিট কার্ড নির্ভর ইউপিআই পেমেন্ট পরিষেবা চালু করেছে।

47. (b) সম্প্রতি ইঞ্জিনিয়ারিং প্রোজেক্টস লিমিটেডের সিএমডি হিসাবে নিযুক্ত হলেন শিভেন্দ্র নাথ। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ধীরেন্দ্র সিংহ রানার'র স্থলাভিষিক্ত হলেন।

48. (d) সম্প্রতি ন্যাশনাল অ্যাসেসমেন্ট অ্যান্ড অ্যাক্রিডিটেশন কাউন্সিল (NAAC) এর ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন গণেশন কান্নাবিরান। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী অধ্যাপক এস সি শর্মা'র স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

49. (d) ফিকির সম্প্রতি Road Safety in India- Navigating through nuances' নামক প্রকাশিত রিপোর্ট অনুযায়ী ভারতে প্রত্যেক বছর প্রায় ১.৫ মিলিয়ন ব্যক্তি পথ দূর্ঘটনা বিমা দাবি করে থাকেন।

50. (d) সম্প্রতি নবনির্মাণ কো-অপারেটিভ আর্বান ব্যাঙ্ক, রাজধানী কো-অপারেটিভ আর্বান ব্যাঙ্ক লিমিটেডের সঙ্গে সংযুক্ত হওয়ার জন্য যৌথ মউ স্বাক্ষর করেছে। এর জন্য আরবিআইয়ের কাছ থেকেও অনুমোদন পেয়েছে।

51. (a) সম্প্রতি রাষ্ট্রায়ত্ত বেসরকারি অ্যাক্সিস ব্যাঙ্ক, Kiwi-এর সঙ্গে রুপে ক্রেডিট কার্ডের মাধ্যমে ক্রেডিট অন ইউনিফায়েড পেমেন্ট ইন্টারফেস পরিষেবা চালু করেছে। অ্যাচিভার্স

52. (b) সম্প্রতি কর্ণাটক রাজ্য সরকার রিসাইকেবেল লিথিয়াম আয়ন ব্যাটারি ম্যানুফ্যাকচারিং ইউনিট গড়ে তুলতে চলেছে। এই ইউনিট গড়ে তোলার জন্য সরকার মার্কিন যুক্তরাষ্ট্রের ইন্টারন্যাশনাল ব্যাটারি কোম্পানি'র সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে।

53. (a) সম্প্রতি প্রয়াত নামদেও ধুন্দো মাহেনোর বিশিষ্ট মারাঠি কবি ছিলেন। তিনি ১৯৯১ সালে পদ্মশ্রী, ২০০০ সালে সাহিত্য অ্যাকাডেমি পুরস্কারে ভূষিত হয়েছেন।

54. (b) ১ আগস্ট সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব ডে পালিত হল। অ্যাচিভার্স

55. (c) সম্প্রতি ইন্ডিয়া ফার্স্ট লাইফ ইন্সিয়োরেন্স নামক বিমা কোম্পানি গ্রাহকদের জন্য 'Guarantee Of Life Dreams (G.O.L.D.)' পলিসি চালু করেছে।

56. (a) ইউরোপের আর্থিক সংস্থা 'সোসাইটি জেনারেলি' ভারতের বেসরকারি বন্ধন ব্যাঙ্কের ১.০৮ শতাংশ শেয়ার ৩৮২ কোটি টাকার বিনিময়ে ক্রয় করেছে।

57. (c) ভারত ডায়নমিক্স লিমিটেড সংস্থাটি Nag ATGM and Helina মিশাইল তৈরি করেছে। সংস্থাটি মিশাইল দুটি ডিআরডিও'র সহায়তায় তৈরি করেছে। Nag ATGM মিশাইলটি ভূমি থেকে বায়ু এবং Helina মিশাইলটি বায়ু থেকে ভূমি হিসাবে কাজ করে থাকে। অ্যাচিভার্স

58. (b) সম্প্রতি অসম রাজ্য সরকার অমৃত বৃক্ষ আন্দোলন অ্যাপ এবং উড বেসড ইন্ডাস্ট্রি রেজিস্ট্রেশন ওয়েব পোর্টাল চালু করেছে।

59. (d) সম্প্রতি অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন লিমিটেড নামক তৈল অনুসন্ধানকারী সংস্থা মুম্বাই অঞ্চল থেকে অপরিশোধিত তেল বিক্রির জন্য বিপিসিএল এর সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

60. (b) কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি স্বরাষ্ট্র সচিব হিসাবে অজয় কুমার ভাল্লা'র কার্যকালের মেয়াদ বৃদ্ধি করার সুপারিশ করল। তিনিন ২২ আগস্ট, ২০২৪ সাল অবধি এই পদে নিযুক্ত থাকবেন। অ্যাচিভার্স

61. (a) ৪ আগস্ট সারা দেশজুড়ে ন্যাশনাল বোন অ্যান্ড জয়েন্ট ডে পালিত হল, যার এবছরের থিম হল-'Each One Train One Save One'.

62. (b) ভারত সরকার 'শ্রীলঙ্কা ইউনিক ডিজিটাল আইডেন্টিটি প্রোজেক্টে' সম্প্রতি ৪৫০ মিলিয়ন টাকা প্রদান করেছে।

63. (a) CMIE কর্তৃক প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী জুলাই ২০২৩ এ ভারতে বেকারত্বের হার ৭.৯৫%-এ দাঁড়িয়েছে, যা পূর্বের অর্থ্যাৎ জুন-২০২৩ (৮.৪৫%) এর থেকে কম।

64. (c) সাথিয়ো গ্রুপ অস্ট্রেলিয়ান ওপেন ব্যাডমিন্টন প্রতিযোগিতায় পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন চীনের ওয়েং হং ইয়ং। তিনি ভারতের এইচ এস প্রনয়কে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছেন। অ্যাচিভার্স

65. (a) ৭ আগস্ট সারা দেশজুড়ে ন্যাশনাল হ্যান্ডলুম ডে পালিত হল, যার এবছরের থিম হল-'Handloom for Sustainable Fashion'.

66. (d) কেন্দ্রীয় সরকার সারা দেশজুড়ে গ্রামীণ এলাকার ব্রডব্যান্ড কানেকশনের জন্য ১.৩৯ লক্ষ কোটি টাকা বরাদ্দ করেছে।

67. (a) ৫ আগস্ট লোহিত সাগরে ভারত ও সৌদি আরবের নৌবাহিনীর মধ্যে আয়োজিত PASSEX নৌমহড়ায় ভারতের আইএনএস চেন্নাই নামক যুদ্ধ জাহাজ অংশগ্রহণ করেছিল। অ্যাচিভার্স

68. (d) সম্প্রতি বাজাজ ফিনান্স লিমিটেড নামক বিমা কোম্পানি আইসিআইসিআই লোম্বার্ড জেনারেল ইন্সিয়োরেন্স এর সঙ্গে যৌথভাবে কার ও মোটর বাইকের বিমা পরিষেবা চালু করেছ।

69. (a) ৮ আগস্ট সারা দেশজুড়ে ৮১তম 'ভারত ছাড়ো আন্দোলন দিবস' উদযাপিত হল। ১৯৪২ সালের আগস্ট মাসে মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারত ছাড়ো আন্দোলন হয়েছিল।

70. (c) 'দক্ষ আনম্যানড সিস্টেমস প্রাইভেট লিমিটেড' নামক সংস্থাটি ভারতীয় সেনাবাহিনীতে ২০০টি মিডিয়াম অল্টিটিউড লজিস্টিক ড্রোন সরবরাহ করার বরাত পেয়েছে।

71. (a) ভারতের বৃহত্তম এইউ স্মল ফিনান্স ব্যাঙ্ক গ্রাহক স্বার্থে ২৪ × ৭ জুড়ে ভিডিও ব্যাঙ্কিং পরিষেবা চালু করেছে।প্রধামন্ত্রী জনধন অ্যাকাউন্টধারী গ্রাহকগণ বিনামূল্যে এই পরিষেবা পাবেন।

72. (d) এয়ারটেল পেমেন্টস ব্যাঙ্ক, ভারতের প্রথম পেমেন্ট ব্যাঙ্ক হিসাবে প্রথম পরিবেশ বান্ধব ডেবিট কার্ড চালু করেছে। এই ডেবিট কার্ডটি পুনর্ব্যবহৃত পলি ভিনাইল ক্লোরাইল বস্তু দিয়ে প্রস্তুত করা হয়ে থাকে। অ্যাচিভার্স

73. (b) ভারতের পাবলিক সেক্টর আর্থিক সংস্থা এক্সপোর্ট-ইম্পোর্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া সম্প্রতি গুজরাট ইন্টারন্যাশনাল ফিনান্সিয়াল টেক সিটিতে সহকারী সংস্থা গড়ে তুলতে চলেছে।

74. (d) সম্প্রতি ভারতের বেসরকারি বন্ধন ব্যাঙ্কটি 'ওড়িশা ট্যুরিজম ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড'কে আর্থিক সাহায্য করার জন্য ওড়িশা সরকারের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

75. (a) সম্প্রতি এইচডিএফসি ব্যাঙ্কের সিইও শশীধর জগদীশন ২০০২-২৩ অর্থবর্ষে সর্বাধিক উপার্জনকারী ব্যাঙ্ক সিইও হিসাবে নির্বাচিত হয়েছেন। তিনি ২০০২-২৩ অর্থবর্ষে মোট ১০.৫৫ কোটি টাকা উপার্জন করেছেন। অ্যাচিভার্স

76. (b) সম্প্রতি কে, IPCC-WGII এর ভাইস চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন ভারতের বিশিষ্ট পরিবেশ ও বাস্তুতন্ত্রবিদ রমন সুকুমার।

77. (a) আলি মহামান ল্যামিনি জেইনি সম্প্রতি নাইজারের প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে আফ্রিকান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের কান্ট্রি ম্যানেজার হিসাবে চাদে কর্মরত ছিলেন। অ্যাচিভার্স

78. (b) ২০২০ সালের টোকিও অলিম্পিকে জাভলিনে নীরজ চোপড়ার সোনার মেডেল জয়লাভকে স্মরনীয় করে রাখতে ৭ আগস্ট সারা দেশজুড়ে ন্যাশনাল জাভলিন ডে পালিত হল।

79. (c) সম্প্রতি গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে ভৌমজল অনুসন্ধানের স্বয়ংক্রিয় যন্ত্র 'নীরাক্ষি' তৈরি করেছে। অ্যাচিভার্স

80. (b) সম্প্রতি প্রয়াত পি জয়রাম ভাট কর্ণাটক ব্যাঙ্কের প্রাক্তন এমডি এবং সিইও ছিলেন। তিনি এই ব্যাঙ্কে ১৯৭৩-২০২১ সাল অবধি কর্মরত ছিলেন।

81. (c) সম্প্রতি প্রকাশিত 'Monsoon : A Poem of Love and Longing' নামক গ্রন্থের রচয়িতা হলেন বিশিষ্ট কূটনীতিবিদ অভয় কুমার।

82. (c) ১০ আগস্ট সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড বায়ো ফুয়েল ডে পালিত হল। এই দিবসটি রুডলফ ডিজেলে'র ডিজেল ইঞ্জিন আবিষ্কারের স্মরণে পালন করা হয়ে থাকে। অ্যাচিভার্স

83. (b) সম্প্রতি ওড়িশা হাইকোর্টের প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত হলেন শুভাশিস তলাপাত্র। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ডক্টর এস মুরলীধরের স্থলাভিষিক্ত হলেন।

84. (d) সম্প্রতি গুজরাট রাজ্য সরকার ওয়ার্ল্ড লায়ন ডে উপলক্ষ্যে সিংহের গতিবিধির ওপর নজরদারি চালানোর জন্য 'Sinh Suchna Web Application' চালু করেছে। অ্যাচিভার্স

85. (b) সম্প্রতি সুপ্রিম কোর্ট মণিপুরে ত্রাণ পুনর্বাসন এবং পুনর্নির্মাণের জন্য জম্মু ও কাশ্মীর হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি গীতা মিত্তলের নেতৃত্বে তিন সদস্যের এক বিশেষ কমিটি গঠন করেছে।

86. (a) সম্প্রতি এসবিআই লাইফ ইন্সিয়োরেন্স কোম্পানি লিমিটেডের এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন অমিত ঝিংগ্রান। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী মহেশ কুমার শর্মার স্থলাভিষিক্ত হলেন। অ্যাচিভার্স

87. (c) কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক ভারতের সমস্ত কম্পিউটারের মাইক্রোসফট সিস্টেমের পরিবর্তে 'মায়া' নামক অপারেটিং সিস্টেম প্রতিস্থাপিত করতে চলেছে। এই অপারেটিং সিস্টেমে ফুল ডিস্ক এনক্রিপশন, ডিজিটাল সিগনেচার, বায়োমেট্রিক অথেন্টিকেশন সহ আরও নানা পরিষেবা উপলব্ধ হবে।

88. (a) ১১ আগস্ট সারা বিশ্বজুড়ে 'ওয়ার্ল্ড স্টিলপ্যান ডে' পালিত হল। প্রসঙ্গত উল্লেখ্য, 'স্টিলপান' ত্রিনিদাদ ও টোবাগো'র 'জাতীয় সংগীত যন্ত্র' হিসাবে স্বীকৃতি পেয়েছে'।

89. (a) সম্প্রতি গুজরাটের দুধ প্রস্তুতকারক সংস্থা আমুল কোম্পানি সারা দেশজুড়ে সংস্থার ডিস্ট্রিবিউটার নেটওয়ার্ক উন্নত করতে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

90. (d) সম্প্রতি ব্রিটিশ যুক্তরাজ্যের পার্লামেন্টের উচ্চকক্ষ হাউস অফ লর্ডস কর্তৃক প্রদত্ত ওমেন আইকন অ্যাওয়ার্ডে ভূষিত হলেন ভারতের মীরা গ্রোভার। অ্যাচিভার্স

91. (b) সম্প্রতি ভারতের চেন্নাইয়ে অনুষ্ঠিত ২০২৩ সালের পুরুষদের এশিয়ান চ্যাম্পিয়ন্স ট্রফি চেন্নাই হকি প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হল ভারত। ফাইনালে ভারত, মালয়েশিয়াকে ৪-৩ ফলাফলে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে।

92. (b) ১২ আগস্ট সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড এলিফ্যান্ট ডে পালিত হল, যার এবছরের থিম হল- 'Ending the Illegal Wildlife Trade'. অ্যাচিভার্স

93. (a) সম্প্রতি তামিলনাডু রাজ্য সরকার ডিফেন্স টেস্টিং ইনফ্রাস্ট্রাকচার স্কিমের আওতায় কমন টেস্টিং সেন্টার ফর আনম্যানড এরিয়াল সিস্টেম চালু করতে চলেছে।

94. (a) সম্প্রতি ভারতের রাষ্ট্রায়ত্ত সরকারি কানাড়া ব্যাঙ্ক পেনশনভোগীদের জন্য 'জীবনধারা' নামক ইউনিক সেভিংস অ্যাকাউন্ট চালু করেছে। এই অ্যাকাউন্ট সাধারণত দুই প্রকার যথা,- (১) ডায়মন্ড অ্যাকাউন্ট এবং (২) প্লাটিনাম অ্যাকাউন্ট।

95. (c) সম্প্রতি ন্যাশনাল রেনফেড এরিয়া অথরিটির সিইও হিসাবে নিযুক্ত হয়েছেন ফৈজ আহমেদ কিদ্বাই। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ডক্টর অশোক দলুইয়ের স্থলাভিষিক্ত হলেন।

96. (b) সম্প্রতি কেরল রাজ্য সরকার পরিযায়ী শ্রমিকদের নথিভুক্ত করণের জন্য 'Athidhi Portal' চালু করেছে।

97. (d) সম্প্রতি ভারতের প্রথম রাজ্য হিসাবে গোয়া বিনামূল্যে আইভিএফ থেরাপি পরিষেবা চালু করতে চলেছে।

98. (b) সম্প্রতি ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম, National Carbon Registry নামক ওপেন সোর্স সফটওয়্যার চালু করেছে। অ্যাচিভার্স

99. (b) সম্প্রতি রাষ্ট্রায়ত্ত বেসরকারি ইয়েস ব্যাঙ্ক গ্রাহকদের সংশ্লিষ্ট ব্যাঙ্ক সম্পর্কে ফিডব্যাক দেওয়ার জন্য 'আইরিশ' নামক মোবাইল ব্যাঙ্কিং অ্যাপ্লিকেশন চালু করেছে।

100. (a) ১৯ আগস্ট সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ফটোগ্রাফি ডে পালিত হল, যার এবছরের থিম হল-'Landscapes'.

———★★★———